তারিখ … 6 MAY 2003 …
পৃষ্ঠা … 2 কলাম … ৫ …

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষকদের বেতন ভাতা প্রদান, ছুটি ও হাজিরা নিয়ন্ত্রণ এবং প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে তদারকির লক্ষ্যে পৃথক কমিটি

রেজানুর রহমান ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের বেতন ভাতার সরকারী অংশ প্রদান সম্পর্কিত অগ্রাধিকার নির্ণয়, শিক্ষক-শিক্ষিকাসহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের ছুটি ও হাজিরা নিয়ন্ত্রণ, শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিসহ শিক্ষাঙ্গনের সার্বিক বিষয়ে তদারকির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে দুটি পৃথক কমিটি গঠন করা হয়েছে। জেলা পর্যায়ে ২২ সদস্য বিশিষ্ট কমিটিতে উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন জেলার ভারপ্রাপ্ত মন্ত্রী/ প্রতিমন্ত্রী অথবা উপমন্ত্রী। সভাপতি ও সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন যথাক্রমে জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার। উপজেলা পর্যায়ে ২০ সদস্য বিশিষ্ট কমিটিতে সভাপতি ও সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও (১৯শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের বেতন ভাতা

(শেষ পৃঃ পর)

উপজেলা কর্মকর্তা অথবা সহকারী কমিশনার (ভূমি)। কমিটিসমূহের কার্যপ্রণালী হবে নিম্নরূপ ঃ জাতীয় ও আন্তর্জাতিক ধ্যান-ধারণার প্রেক্ষাপটে শিক্ষার সার্বিক উন্নয়ন, জাতীয় শিক্ষা কার্যক্রমের আলোকে শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অধিদফতর, দফতর ও শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন, সকল শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক সুপারভিশন নির্ধারিত পদ্ধতিতে সম্পন্ন করার ক্ষেত্রে সহযোগিতা প্রদান, শিক্ষক-কর্মচারীদের দৈনন্দিন হাজিরার তদারকি, মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের ভর্তির লক্ষ্যে অভিন্ন নীতিমালা কার্যকরকরণ, শ্রেণী কক্ষে পাঠদান অধিক কার্যকর করার লক্ষ্যে প্রাইভেট শিক্ষাদান ও কোচিং নিরুৎসাহিতকরণ, ইংরেজী, বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে রিসোর্স সেন্টার/ কম্পিউটার সেন্টার স্থাপনে কার্যকর পদক্ষেপ গ্রহণ, সরকারের সুনির্দিষ্ট নীতিমালা ও নির্দেশনার আলোকে জেলার আওতাধীন সকল বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের শিক্ষক, কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রতিবছর একটি প্যানেল প্রস্তুত করাসহ অন্যান্য প্রশাসনিক বিষয়ে খোঁজ রাখা। এ ব্যাপারে ইতিমধ্যেই শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে প্রতি ৩ মাস পর পর কমপক্ষে একবার কমিটি সভা করার জন্য পরামর্শ দেয়া হয়েছে।